



স্মারক: বাউবি/পরীক্ষা/এইচএসসি/০১/৯৬/২৫২১

তারিখ : ৩১/০৫/২০১৭ খ্রি:

আঞ্চলিক পরিচালক  
আঞ্চলিক কেন্দ্র (সকল)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয় : এইচ.এস.সি পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণেচ্ছু ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃ পরীক্ষার্থীর মোট সংখ্যা প্রেরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণেচ্ছু আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন স্টাডি সেন্টারসমূহের ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃ পরীক্ষার্থীর সংখ্যা জরুরী ভিত্তিতে পরীক্ষা বিভাগে প্রেরণের প্রয়োজন।

২। পরীক্ষা সংক্রান্ত প্রশ্নপত্র মুদ্রণ ও অন্যান্য কাজ খুবই স্পর্শকাতর, বিধায় আঞ্চলিক কেন্দ্র থেকে হালনাগাদ তথ্য প্রয়োজন। এমতাবস্থায়, এইচ.এস.সি পরীক্ষা ২০১৮ এ অংশগ্রহণেচ্ছু সকল নিয়মিত ও পুনঃ পরীক্ষার্থীর সর্বশেষ বিষয়ভিত্তিক সংখ্যা এতদসঙ্গে প্রেরিত “নমুনা ছক” মোতাবেক হার্ড কপি আগামী ১০/০৭/২০১৭ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।


৩। বিষয়ভিত্তিক সকল নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর উল্লিখিত সংখ্যার Data Microsoft Excel এর একই Sheet এ Entry করে এর Soft copy উক্ত তারিখের মধ্যেই exam.cu@bou.edu.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্যও বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী। এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ।

৩১/০৫/১৭

পরীক্ষা নিয়ন্ত্রক



বিতরণ : কার্যার্থে :

- ১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। (নির্ধারিত তারিখের মধ্যে সকল আঞ্চলিক কেন্দ্র থেকে চাহিদা মোতাবেক তথ্য পরীক্ষা বিভাগে পৌঁছানোর বিষয়টি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
- ২। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।

অনুলিপি: অবগতির জন্য :

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। সহকারী পরিচালক, প্রো- উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংরক্ষণ নথি।





